

পরিচালকের পদের কম্পিউটার উইং, বিবিএস, ঢাকা	
১। উইং কমান্ডার পদ	০ জন
২। উপকমান্ডার পদ	০ জন
৩। অফিস সহকারী (কম্পিউটার)	০ জন
৪। অফিস সহকারী (সাধারণ)	০ জন
৫। অফিস সহকারী (স্মারক)	০ জন
৬। অফিস সহকারী (স্মারক)	০ জন
৭। অফিস সহকারী (স্মারক)	০ জন
৮। অফিস সহকারী (স্মারক)	০ জন
৯। অফিস সহকারী (স্মারক)	০ জন
১০। অফিস সহকারী (স্মারক)	০ জন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
এফএ অ্যান্ড এমআইএস উইং
পরিসংখ্যান ভবন
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.bbs.gov.bd

তারিখ : ০২ অক্টোবর, ১৪৩১
১৭ নভেম্বর, ২০২৪

স্মারক নম্বর-৫২.০১.০০০/১০৪.২৮.২৮৪.১৬. ৪৮১৬

বিষয়: বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর রাজস্ব খাতে কর্মরত ১১-২০ গ্রেড ভুক্ত কর্মচারীদের চাকরী স্থায়ীকরণের হালনাগাদ তথ্য প্রেরণ

সংক্রান্ত
২৩/১১/২৪

উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, “বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) এর সকল উইং/বিভাগ/জেলা/মেট্রো থানা/উপজেলা কার্যালয় সমূহে কর্মরত ১১-২০ গ্রেডের কর্মচারীদের অবসর সুবিধা, পদোন্নতি এবং বাসা বরাদ্দসহ বিভিন্ন কারণে চাকরী স্থায়ীকরণের হালনাগাদ তথ্য জানা প্রয়োজন। উক্ত কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে বিবিএস এর যে সকল কর্মচারীগণের চাকরি স্থায়ীকরণ সম্পন্ন হয়েছে তাদের চাকরি স্থায়ীকরণ আদেশ ও নিয়োগ আদেশ এর কপি পরিচালক, এফএ অ্যান্ড এমআইএস উইং বরাবর প্রেরণ করতে হবে।

০২। এছাড়া, বিবিএস এর রজস্বখাতের ১১-২০ গ্রেডের অন্তর্ভুক্ত যে সকল কর্মচারীগণের সরাসরি নিয়োগের পর চাকরিকাল ০২ (দুই) বছর বা তার বেশি এবং পদোন্নতির পর চাকরিকাল ০১ (এক) বছর অতিক্রান্ত হয়েছে কিন্তু চাকরি স্থায়ীকরণ করা হয়নি তাদের চাকরি স্থায়ীকরণের নিমিত্ত নিয়োক্ত প্রয়োজনীয় কাগজ পত্র/তথ্যাদি আগামী ৩০.১১.২০২৪ খ্রি. তারিখের মধ্যে নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো:

- ১। চাকরী স্থায়ীকরণের জন্য আবেদনপত্র;
- ২। অফিস আদেশ/নিয়োগপত্র;
- ৩। যোগদানপত্র;
- ৪। যোগদান গৃহীত হওয়ার আদেশ;
- ৫। সরাসরি নিয়োগের ক্ষেত্রে ২ বৎসর ও পদোন্নতির এসিআর (সংশ্লিষ্ট বৎসরের পর) এবং
- ৬। নিয়োগ বিজ্ঞপ্তির আলোকে চাহিত শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেট (ফটোকপি)।

উল্লেখ্য, যে সকল কর্মচারীগণ ইতোমধ্যে চাকরী স্থায়ীকরণের নিমিত্ত কাগজপত্রসহ আবেদন করেছেন তাদের নতুন করে আবেদন করার প্রয়োজন নেই।

এইচ, এম, ফিরোজ
পরিচালক(ভারপ্রাপ্ত)
ফোন: ০২-৫৫০০৭০৬৮
ই-মেইল: firozsobbs@bbs.gov.bd

বিতরণ: জ্ঞাতার্থে/ কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- (১) পরিচালক (সকল),..... উইং, বিবিএস, ঢাকা (অধীনস্থ ১১-২০ গ্রেডের সকল কর্মচারীদের চাকরি স্থায়ীকরণের হালনাগাদ তথ্যাদি প্রেরণের অনুরোধসহ)।
- (২) পরিচালক, কম্পিউটার উইং, বিবিএস, ঢাকা (বিবিএস এর ওয়েবসাইট এ প্রকাশের অনুরোধসহ)।
- (৩) যুগ্মপরিচালক (সকল), বিভাগীয় পরিসংখ্যান অফিস (অধীনস্থ ১১-২০ গ্রেডের সকল কর্মচারীদের চাকরি স্থায়ীকরণের হালনাগাদ তথ্যাদি প্রেরণের অনুরোধসহ)।
- (৪) উপপরিচালক (সকল), জেলা পরিসংখ্যান কার্যালয় (অধীনস্থ ১১-২০ গ্রেডের সকল কর্মচারীদের চাকরি স্থায়ীকরণের হালনাগাদ তথ্যাদি একত্রিকরণ করে প্রেরণের অনুরোধসহ)।
- (৫) পরিসংখ্যান কর্মকর্তা/উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা (সকল), উপজেলা পরিসংখ্যান কার্যালয় (অধীনস্থ ১১-২০ গ্রেডের সকল কর্মচারীদের চাকরি স্থায়ীকরণের হালনাগাদ তথ্যাদি জেলা পরিসংখ্যান কার্যালয়ের সাথে সমন্বয় করে প্রেরণের অনুরোধসহ)।
- (৬) উপপরিচালক, প্রশাসন/সমন্বয়/বিনিক/প্রকাশনা, এফএ অ্যান্ড এমআইএস উইং, বিবিএস, ঢাকা।
- (৭) স্টাফ অফিসার, মহাপরিচালকের কার্যালয়, বিবিএস, ঢাকা।
- (৮) স্টাফ অফিসার, উপমহাপরিচালকের কার্যালয়, বিবিএস, ঢাকা।